গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০১.১১.০০১.১৪-২০৩

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি, ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০১/০২/২০২১ খ্রি. তারিখের স্মারক নম্বর ৮০.০০.০০০০.১০২. ১২.০০৭.২১.৫৫ মূলে প্রদত্ত সুপারিশ মোতাবেক এবং বাংলাদেশ সচিবালয় "(ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" (সংশোধিত) এর অনুচ্ছেদ ৫ অনুসারে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীগণকে এ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১০ নম্বর গ্রেডে (টা: ১৬,০০০-৩৮,৬৪০/-) "প্রশাসনিক কর্মকর্তা" পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্র.নং	গ্রেডেশন নং	কর্মচারীর নাম, পদবী ও বেতন গ্রেড	পদোন্নতি প্রাপ্ত পদের নাম ও বেতন গ্রেড
(১)	(২)	(৩)	(৪)
০১	১	জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ১৬ নম্বর গ্রেড (টা: ৯,৩০০-২২,৪৯০/-)	প্রশাসনিক কর্মকর্তা ১০ নম্বর গ্রেডে (টা: ১৬,০০০-৩৮,৬৪০/-)
০২	৪	জনাব রাসেল মামুদ কম্পিউটার অপারেটর ১৩ নম্বর গ্রেড (টা: ১১,০০০-২৬,৫৯০/-)	প্রশাসনিক কর্মকর্তা ১০ নম্বর গ্রেডে (টা: ১৬,০০০-৩৮,৬৪০/-)

শর্তসমূহ:

(১) পদোন্নতির এ আদেশ পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

(২) পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে নিয়োগ করা হলো। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিসির মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবে;

(৩) শিক্ষানবিসির মেয়াদ চলাকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণের আচরণ ও কর্ম সন্তোষজনক থাকা সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে তাঁদের চাকুরী স্থায়ী করা হবে;

(৪) শিক্ষানবিসির মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন তার/তাদের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক নয় অথবা তার/তাদের কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে/তাদের যে পদ থেকে পদোন্নতি দেয়া হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করাতে পারবে;

(৫) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী পদোন্নতি প্রাপ্ত পদে তাঁদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(৬) জারীকৃত প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট ভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁদের চাকুরী সংক্রান্ত বিষয়াদি বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৪ মোতাবেক এবং সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে; এবং

(৭) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের সময় সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জমা দিতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫.০২.২০২১

মহ: আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব
পরিচিতি নম্বর: ১১৫১৯
ফোন: +৮৮-০২-৯৫৪৫৩০৭
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬
ইমেইল: admin_sec1@mora.gov.bd

পূর্ব পৃষ্ঠা হতে

নম্বর- ১৬.০০.০০০০.০০১.১১.০০১.১৪-২০৩

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন/বাজেট ও অনুদান/হজ/বাজেট, হিসাব ও অডিট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (প্রশাসন/সমন্বয় ও সংস্কার/হজ/উন্নয়ন/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (হজ-১/হজ-২/ওমরাহ/অনুদান/অডিট/প্রশাসন-২/সমন্বয়/সংস্কার/আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১/পরিকল্পনা-২), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. হিসাব রক্ষণকর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর, প্রশাসনিক কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. জনাব রাসেল মামুদ, প্রশাসনিক কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. অফিস কপি/মাষ্টার ফাইল।

১৫.০২.২০২১

(মহঃ আব্দুর রশিদ মোল্লাহ)
সহকারী সচিব